



Delhi Public School, Howrah

FINAL EXAMINATION (2024-2025)

Class- VIII

Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.

SUBJECT: 3RD LANGUAGE – BENGALI

Time:-1 ½ Hours

F.M.-40

বিভাগ ক – (বোধ পরীক্ষণ)

১) নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো: (১×৫=৫)

বাড়িটা বরফের। ঢোকবার রাস্তা হামাণ্ডি দিয়ে, যেমন দক্ষিণ ভারতবর্ষে ‘টোডা’দের বাড়িতে দেখা যায়। একটা বরফের স্লামে দড়ি বাঁধা থাকে। ভেতরে ঢুকে দড়ি টেনে দিলে ঘরে আর কেউ ঢুকতে পারবে না। স্লামের বাইরের দিকে একটা দড়ি আছে, সেটা টানলে দরজা খুলে যায়। বাড়িকে ইগলু বলে। ইগলুর ওপর বরফের মাঝে একটু ফাঁকা রাখা হয়। ভেন্টিলেশনের জন্য। তাছাড়া দরজা-জানালা নেই। দিনের আলো হলে ভেতরটায় সব স্পষ্ট হয়ে ওঠে। আর অন্ধকারে ইগলুর ভেতর অন্ধকার দেখায়। মাছের তেলের আলো মিটিমিটি জ্বলে। ঘরে চারটি বাংক বা বার্থ আছে। বিছানা বলতে কয়েকটা সীলের চামড়া পাতা। সীলের চামড়া দুটো পিঠোপিঠি সেলাই করে স্লিপিং ব্যাগ করা হয়েছে। তার ভেতরে ঢোকবার সময় ঠাণ্ডা বেশি হলেও একটু পরেই গরম ও আরাম লাগে। ইগলু কথাটার মানে আশ্রয়। আর সত্যিই সেটা তাই।

ক) ‘ইগলু’ কথাটার মানে হল – (বরফের ঘর / ছাদ / আশ্রয়)

খ) শরীর গরম ও আরামের জন্য কী ব্যবহার করে থাকে – (ওয়ার্ম ব্যাগ / সীলের চামড়া / সীলের চামড়ার স্লিপিং ব্যাগ)

গ) ইগলুর মধ্যে মানুষেরা যেভাবে ঘুমায় – (ঠাণ্ডা স্লামের ওপর / বাংকের ওপর / স্লিপিং ব্যাগের ভেতর)

ঘ) ইগলুর মধ্যে হাওয়া চলাচলের জন্য করা হয়েছে- (জানালা / খোলা ছাদ / ভেন্টিলেশন)

ঙ) ‘আলো’ শব্দটির বিপরীত শব্দ- (টোডা / অন্ধকার / অন্ধকার)

বিভাগ খ – (সৃজনশীল রচনা)

২) অনুচ্ছেদ রচনা কর: (আটটি বাক্যে) (8)


শীতের পিকনিক

অথবা,

হঠাৎ করেই তোমার সাথে গুপি আর বাঘার দেখা। ওদের সাথে দেখা হওয়ার পর কী হল তা নিজের ভাষায় লেখো।

৩) নীচের ছবিটি দেখে তোমার মনে যে ভাব ফুটে উঠেছে, তা ছয়টি বাক্যে লেখো:

(৩)



বিভাগ গ - (সাহিত্য)

৪) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:

(০.৫×৬=৩)

- ক) রাত পোহালে রব করে (রাখাল / শিশুরা/ পাখি)
খ) মুচি যত টাকা রোজগার করে তা হল (১০টাকা / টাকার হিসেব নেই/ ১৫টাকা)
গ) ফেরিওয়ালার বাঁকাতে যে দেশের পুতুল থাকে - (গ্রামের / চীনের / ভারতীয়)
ঘ) “এ হয়েছে এক অশান্তি।” অশান্তি ছিল- (রামরতনবাবুর / রামবাবুর / রতনবাবুর)
ঙ) বিদ্যাসাগরের কীসের সংগতি ছিল না? (পড়াশোনা করার / খাবারের / রাত্রে আলো জ্বালানোর)
চ) বাঘাকে মিঠাই দিয়েছিল- (দশ হাঁড়ি / তিন হাঁড়ি / পাঁচ হাঁড়ি)

৫) 'ক' বিভাগের সাথে 'খ' বিভাগ মেলাও:

(০.৫×৬=৩)

ক বিভাগ

খ বিভাগ

ক) বাঘা

অ) পাহারাওয়ালার

খ) মাইলস্টোন

আ) ব্রহ্মদত্তি

গ) শিশির

ই) মুচি

ঘ) জুতো

ঈ) নিশি

ঙ) চাঁপাতলা

উ) সংখ্যা

চ) পাগড়ি

ঊ) ঢোল

৬) অর্থ লেখ:

(১×৪=৪)

ক) ঢোলক

খ) ফুর্তি

গ) পুলকিত

ঘ) মালী

৭) বাক্য রচনা কর:

(১×৩=৩)

ক) তাড়া

খ) বিশ্বাস

গ) সমস্ত

৮) নীচের বাক্যগুলি সাজিয়ে লেখো:

(১×২=২)

ক) হাতে বাজার ন্নান সেরে হত সকাল বেলা যেতে তাকে থলি।

খ) খুব করে গান গাইত সে একটা।

৯) একটি বাক্যে উত্তর লেখো:

(১×৪=৪)

ক) কোথায় কখন গ্যাসের আলো মিটমিটিয়ে জ্বলে?

খ) প্রভাতে অলির দল কী করে?

গ) বাঘা কীসের ভয়ে জঙ্গল থেকে পালাচ্ছিল?

ঘ) পাহারাওয়ালার ও ফেরিওয়ালার মধ্যে পার্থক্য লেখ।

১০) চেনো আমি কে?

(১×৩=৩)

ক) আমি শীতকালে ভোরবেলা পাতায় পাতায় পরে থাকি।

খ) আমি সারাদিন বাগানে কোদাল দিয়ে মাটি কোপাই।

গ) আমি ছিঁড়ে গেলে হাঁটাচলা করতে কষ্ট হয়।

১১) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো:

(২×৩=৬)

ক) 'বিচিত্র সাধ' কবিতাটি পড়ে তুমি কার মতো হতে চাও এবং কেন তা লেখ।

খ) 'প্রভাত' কবিতাটি থেকে তুমি কি শিখলে?

গ) টাকা সত্যিই কী আপদ? -তোমার মতামত লেখ।